## শিক্ষা মন্ত্রণালয় সমীপে

আমরা বেশ কিছু বেসরকারী কলেজ শিক্ষক ১৯৮০ সনের বিভিন্ন সময়ে বিভিন্ন কলেজে যোগদান করি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশেই কলেজ নিয়মানুযায়ী আমাদের নিয়োগ করে। পরবর্তী-কালে সরকার কর্তৃক আমাদের একটি বেতনের স্কেল প্রদান করা হয় এবং উক্ত স্কেলের অর্ধেক সর-কার এবং অর্ধেক কলেজ কর্তৃক প্রদান করা হয়। কিন্তু আমাদের কাহারও কাহারও চাকুরী দেড় বৎসর হইয়া চলিলেও এযাবৎ সরকার কর্তৃক কোন বেতন প্রদান করা হয় নাই। বেসরকারী কলেজ-গুলির আর্থিক অসচ্ছলতার জন্য বাকী অর্ধেকও ঠিক মত পরিশোধ করিতে পারিতেছে না। ডি.পি. আই মারফত আমরা জানিতে পারিয়াছি অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে লেখা হইয়াছে এবং অনুমোদনের পরই উহা পরিশোধ করা হইবে। এ অব-স্থায় এই অগ্নিমূল্যের বাজারে আমাদের অস্তিত্ব রক্ষাই কঠিন হইয়া পড়িয়াছে। শিক্ষা মন্ত্রণা-লয় কর্তৃপক্ষ সমীপে আবেদন, সত্বর আমাদের নিয়োগ অনুমো-দন করিয়া বেতন প্রদানের নির্দেশ দান করতঃ পৃথক একটি মেমোর মাধ্যমে আগামী ফেব্রুয়ারী মাসের মধ্যেই উহা পরিশোধ করিয়া আমাদের সমস্যা নিরসনে শুভ দৃষ্টি দেওয়া হউক।

—সনৎকুমার সরকার, প্রভা-ষক, বেড়া স্নাতক মহাবিদ্যালয়, পোঃ বেড়া, পাবনা।